# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৮১

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৮. তৃতীয় অনুচ্ছেদ - নাম রাখা

আরবী

عَنْ
عَبْدِ الْحَمِيدِ بْنِ جُبَيْرِ بْنِ شَيْبَةَ قَالَ: جَلَسْتُ إِلَى سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ فَحَدَّثَنِي أَنَّ جَدَّهُ حَزْنًا قَدِمَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «مَا اسْمُكَ؟» قَالَ: اسْمِي حَزْنٌ قَالَ: «بَلْ أَنْتَ سَهْلٌ» قَالَ: مَا أَنَا بِمُغَيِّرٍ اسْمًا سَمَّانِيهِ أَبِي. قَالَ ابْنُ الْمُسَيَّبِ: فَمَا زَالَتْ فِينَا الْحُزُونَةُ بَعْدُ. رَوَاهُ الْبُخَارِيّ

বাংলা

৪৭৮১-[৩২] ’আবদুল হামীদ ইবনু জুবায়র ইবনু শায়বাহ্ (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি সা’ঈদ ইবনু মুসাইয়াব (রহিমাহুল্লাহ)-এর কাছে বসেছিলাম। তিনি আমাকে এ হাদীস বর্ণনা করলেন যে, তাঁর দাদা ’’হাযন’’ (حَزْن) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খিদমাতে উপস্থিত হলেন। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁকে জিজ্ঞেস করলেনঃ তোমার নাম কী? তিনি জবাবে বললেনঃ আমার নাম ’’হাযন’’। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ আমি তোমার নাম ’’সাহল’’ (سَهْل) রাখলাম। তিনি বললেনঃ আমি আমার নাম পরিবর্তন করতে চাই না। কেননা এ নাম আমার পিতা রেখেছেন। ইবনু মুসাইয়াব (রহিমাহুল্লাহ) বলেন, তারপর হতে (এ নামের দরুন) আমাদের পরিবার দুঃখন্ডকষ্টে দিনাতিপাত করছে। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬১৯৩, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৯৭৯৩, আল আদাবুল মুফরাদ ৮৪১, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৭২০৭, সহীহ ইবনু হিব্বান ৫৮২২, মুসনাদে আহমাদ ২৩৬৭৩, মুসান্নাফে ‘আবদুর রাযযাক ১৯৮৫১, সহীহ আল আদাবুল মুফরাদ ৬৪৯, আবূ দাঊদ ৪৯৫৬, সিলসিলাতুস্ সহীহাহ্ ২১৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ফাতহুল বারীতে রয়েছে, ‘আবদুল হামিদ ইবনু জুবায়র ইবনু শায়বাহ্ বলেছেন, আমি বসেছিলাম সা‘ঈদ ইবনু আল মুসাইয়্যাব-এর নিকটে, অতঃপর তিনি আমার কাছে বর্ণনা করেছেন, তার দাদা হাযন (حزن) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আগমন করেন, তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তোমার নাম কি? তিনি বললেন, আমার নাম হাযন حزن (দুঃখ, কষ্ট, বেদনা...)। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তখন বললেন, বরং তুমি سهل (সাহল)। রাবী বলেন, আমি আমার নাম পরিবর্তন করতে সক্ষম নই, যে নাম রেখেছেন আমার আববা। তখন ইবনুল মুসাইয়্যাব বলেন, এরপর থেকে আমাদের মাঝে আল হাযূনাহ্ الحزونة চিন্তা ঝামেলা অবস্থান করে, চলতে থাকে। (ফাতহুল বারী ১০ম খন্ড, হাঃ ৬১৯৩)

শিক্ষা : এ হাদীস থেকে বুঝা যায় রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আদেশ ও সুন্নাতকে অনুসরণ করার জন্য অপছন্দনীয় নাম পরিবর্তন করা ও তার আদেশের আনুগত্য করা। এটাতে কল্যাণ অবশ্যই রয়েছে। কারণ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যা অবগত আছেন আমরা তা অবগত নই। অতএব আমরা জানতে পারলাম। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাত ও আদেশ না পালন করলে অশান্তি আসতে পারে। আল্লাহ তা‘আলা আমাদেরকে হিফাযাত করেন। যা সুয়ূত্বী (রহিমাহুল্লাহ) উল্লেখ করেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশে অবশ্যই নাম পরিবর্তন করব যা বিভিন্ন রিওয়ায়াতে উল্লেখ রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল হামীদ ইবনু জুবায়র ইবনু শায়বাহ্ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75505

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন